দর্শনায় নাইট গার্ডকে রাতে বেঁধে রেখে জমির ফলন্ত কলাগাছসহ ভেকু দিয়ে জোরপূর্বক মাটি কেটে ভাটায় বিক্রি

দর্শনায় নাইট গার্ডকে রাতে বেঁধে রেখে জমির ফলন্ত কলাগাছসহ ভেকু দিয়ে জোরপূর্বক মাটি কেটে ভাটায় বিক্রি করছে বলে জমির মালিক নাস্তিপুর গ্রামের গোলাম রহমানের ছেলে আরিফুল ইসলাম অভিযোগ করেছে।

গত বৃহস্পতিবার রাত ১১টার দিকে নাইট গার্ড ইছাহক আলী (৭৫) জানান, আমি নাস্তিপুর গ্রামের গোলাম রহমানের ছেলে আরিফুল ইসলাম এর কলাবাগান ঠেকায়।এ সময় ৭/৮জন লোক এসে আমাকে ডেকে নিয়ে কলাবাগানের জমির পাশে বাঁশ গাছের সাথে আমার মাপলার দিয়ে বেঁধে ভেকু দিয়ে মাটিকাটা শুরু করে।

রাত ১টা ৫মিনিটে আমাকে ছেড়ে দেয়। এরপর ভোর ৫টা পর্যন্ত ভেকু দিয়ে কলাবাগান তছরুপ করে ৫কাঠা জমির মাটি কেটে নিয়ে যায়। এসময় আমার প্রেসার বেড়ে গেছে তাদের জানালে তারা মদের বোতল থেকে আমার মাথায় পানি দেয়। এরপরও আমাকে ছাড়েনি। আমি তাদের চিনতে পারিনি।

এসময় বাঁশ বাগানের পাশের গলিতে শুকুরো বাঘের ছেলে জুয়েল দাঁড়িয়ে ছিলো আমাকে দেখছিল। ট্রাক্টর ড্রাইভার কায়েশকে চিনতে পেরেছি। সে ওদুদশাহর ভাটায় ট্রাক্টর চালাতো। আমাকে বেঁধে রেখে ৫/৬ জন পাশে মদ খাচ্ছিল আর কিছু লোক মাটি কাটছিলো।

সকালে জমির মালিককে জানালে, তারা ঘটনার তদন্ত করে জয়রামপুর হেডভাটায় ঐ মাটি নিয়ে বিক্রী করা হয়েছে বলে জানান, সাবেক পারকৃষ্ণপুর মদনা ইউনিয়নের চঞ্চল মেম্বরের ভাই আরিফুল ইসলাম। কলাবাগান ও মাটি বিক্রী করার মালিক পক্ষের ক্ষয়ক্ষতি প্রায় লক্ষাধিক টাকা। এ বিষয়ে মামলার প্রক্রীয়া চলছে বলে জানান, জমির মালিক আরিফুল ইসলাম।